
আজকের কাগজ

তারিখ ...14 SEP...1992 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

৬৫

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩টি হলে তল্লাশি ২টি কাটা রাইফেল ও ৬১ রাউন্ড গুলি উদ্ধার



**কাগজ প্রতিবেদক :** ঢাকা মহানগর পুলিশ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩টি আবাসিক হলে তল্লাশি করে ২টি কাটা রাইফেল, ৬১ রাউন্ড গুলি উদ্ধার করেছে, গ্রেফতার করেছে ৩ বহিরাগতকে। এছাড়াও পুলিশ ৪টি ককটেল ও ৩টি হ্যান্ড টেলিফোন সেটও উদ্ধার করেছে। জহুরুল হক হল, এস এম হল এবং জগন্নাথ হলে পুলিশী অভিযান চালানো হয়। এ হল ৩টি ছাত্রলীগ কর্মীদের দখলে। বিপুলসংখ্যক পুলিশ গতকাল ভোর ৪টা থেকে ৭টা ৩০ মিনিট পর্যন্ত তল্লাশি অভিযান চালায়। জহুরুল হক হল থেকে গ্রেফতারকৃত বহিরাগত দু'জন হলো ইমরোকা হোসেন (২২) পিতা-মাকছুদুর রহমান, গ্রাম-নোয়াগ্রাম, থানা-সুজানগর, জেলা- পাবনা ও আবুল কালাম আজাদ ওরফে সবুজ (২২) পিতা-মতিন চৌধুরী, গ্রাম- তেঁতুলিয়া, থানা-মেহেন্দীগঞ্জ, জেলা-বরিশাল। এস এম হল থেকে গ্রেফতারকৃত যুবকের নাম সেলিম আহমেদ (২১), পিতা-লতিফ সরদার, গ্রাম-জগন্নাথপুর, থানা-দেবহাটা, জেলা-সাতক্ষীরা। অবৈধভাবে হলে থাকার জন্যে পুলিশ তাদের আটক করে।

পুলিশ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ছাত্রদের পরিচয়পত্র পরীক্ষা করে এবং বিভিন্ন কক্ষে তল্লাশি চালায়। তল্লাশিকালে পুলিশ এস এম হলের টিভি রুম ও হল মসজিদের কাছ থেকে একটি কাটা রাইফেল ও ৫৪ রাউন্ড গুলি উদ্ধার করে। অন্য ৭ রাউন্ড গুলিসহ কাটা রাইফেলটি উদ্ধার করেছে জহুরুল হক হলের একটি কক্ষ থেকে। আবাসিক ছাত্ররা জানায়, পুলিশ জগন্নাথ হল পশ্চিম গেট থেকে কতকগুলো ছাতা, দুটো বেঞ্চ ও কয়েকটি চেয়ার নিয়ে গেছে। সশস্ত্র কর্মীরা এসব ব্যবহার করতো এই অভিযোগে এগুলো পুলিশ নিয়ে যায়। ছাত্ররা জানান যে, অনেক অস্ত্রধারী পুলিশের কাছে ভুয়া পরিচয় পত্র দিখিয়েছে। হল তল্লাশিকালে সংশ্লিষ্ট প্রভোস্ট ও হাউস টিউটরগণ উপস্থিত ছিলেন।